কালের কণ্ঠ

তারিখ ০৫ OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

# ইনস্টিটিউট করার দাবিতে ছাত্রীদের সড়ক অবরোধ

নিজস্ব প্রতিবেদক ▷

আজিমপুর সরকারি গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইনস্টিটিউট করার দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে কলেজটির ছাত্রীরা। একই সঙ্গে তারা সহশিক্ষা কার্যক্রম চালু করার দাবিও জানায়। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত নীলক্ষেত মোড় অবরোধ করে বিক্ষোভ করে ছাত্রীরা। এ ছাড়া একই দাবিতে তারা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক এস এম ওয়াহিদুজ্জামানকে অবরুদ্ধ করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সকাল ৯টার দিকে গার্হস্থ্য অর্থনীতি কলেজের বৃক্ষ রোপণ কর্মসূচিতে যোগ দেন মাউশির মহাপরিচালক। এ সময় কলেজের ছাত্রীরা মহাপরিচালকের কাছে গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ঢাবির ইনস্টিটিউট করার দাবি জানায়। মহাপরিচালক উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে ছাত্রীদের জানান। এরপর ছাত্রীরা কলেজে বিক্ষোভ শুরু করে এবং গেটে তালা দিয়ে মহাপরিচালককে অবরুদ্ধ করে রাখে। পরে কলেজ কর্তৃপক্ষের সহযোগিতায় মহাপরিচালক ঘটনাস্থল ত্যাগ করেন।

পরে সকাল ১১টার দিকে ছাত্রীরা বিক্ষোভ মিছিল নিয়ে নীলক্ষেত মোড় অবরোধ করে। অবরোধের কারণে নীলক্ষেত-শাহবাগসহ আশপাশের বিভিন্ন জায়গায় যানজটের সৃষ্টি হয়। এ সময় নিউ মার্কেট ও আজিমপুর দিয়ে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে বিকেল সাড়ে ৫টার দিকে অবরোধ কর্মসূচি তুলে নেয় ছাত্রীরা। কিন্তু আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়।

গতকাল বিকেলে জাতীয় শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো-ব্যানবেইসের একটি কর্মশালায় যোগ দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। কলেজের ছাত্রীরা খবর পেয়ে সন্ধ্যার কিছুটা আগে ব্যানবেইসের সামনে অবস্থান নেয়। কর্মশালা শেষে ব্যানবেইস থেকে যাওয়ার পথে শিক্ষামন্ত্রীকেও কিছু সময়ের জন্য অবরুদ্ধ করে রাখে ছাত্রীরা। শিক্ষামন্ত্রীর আশ্বাসে রাতে কর্মসূচি স্থগিত করেছে ছাত্রীরা।



গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট করার দাবিতে কলেজের ছাত্রীরা গতকাল দিনভর নীলক্ষেত মোড় অবরোধ করে রাখে। ছবি : কালের কণ্ঠ